

মো: ফরিদুল হক খান, এমপি  
মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও  
চেয়ারম্যান, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট

মো: ফরিদুল হক খান, এমপি ২৪ নভেম্বর ২০২০ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন। তিনি ২৫ নভেম্বর ২০২০ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী দায়িত্ব গ্রহণ করেন।

---

মো: ফরিদুল হক খান এমপি ১৯৫৬ সালের ২ জানুয়ারি জামালপুর জেলার ইসলামপুর উপজেলার উত্তর সিরাজাবাদ গ্রামে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম মো: হাবিবুর রহমান খান ও মাতার নাম মোসাম্মৎ ফাতেমা খানম।

মো: ফরিদুল হক খান এমপি ইসলামপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করছেন। তিনি ২০০৮ সালের নবম জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন নিয়ে জামালপুর ২ (ইসলামপুর) আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। তিনি জাতীয়তাবাদী দলের সুলতান মাহমুদ বাবুকে পরাজিত করে বিজয়ী হয়েছিলেন। তিনি নবম জাতীয় সংসদের বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সদস্য ছিলেন। মো: ফরিদুল খান এমপি ২০১৪ সালে দশম জাতীয় সংসদ নির্বাচনে পুনরায় সংসদ সদস্য নির্বাচিত হন। তিনি দশম জাতীয় সংসদের

স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য ছিলেন। তিনি ২০১৮ সালের একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন নিয়ে সংসদ সদস্য নির্বাচিত হন।